Office of the Executive Engineer
Munshiganj Water Development Division
BWDB, Munshiganj.
Hatlokkhiganj, Munshiganj Sadar,
Pani Bhaban, Munshiganj-1500
Email:xen.munshiganj.bwdb@gmail.com

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ,
বাপাউবো, মুন্সীগঞ্জ।
হাট লক্ষীগঞ্জ, মুন্সীগঞ্জ সদর,
পানি ভবন, মুন্সিগঞ্জ-১৫০০।

www.bwdb.gov.bd

স্মারক নং-নিঃপ্রঃ/মুন্সীগঞ্জ/৭৭ তারিখ: ২০/০৭/২০২৬খ্রিঃ

## " সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তির ও নবায়নের বিজ্ঞপ্তি "

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ এর অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৫(পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় এবং ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪; তারিখঃ ২০/০৭/২০২০খ্রিঃ মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম সরবরাহ ও গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তির তফসিল।**

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির ধরন | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরণ আরম্ভের তারিখ | নতুন তালিকাভুক্তি আবেদন ফরম বিতরনের শেষ তারিখ | নতুন তালিকাভুক্তির আবেদন গ্রহনের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহের তালিকাভুক্তি (কার্য) | ২৩/০৭/২০২৬খ্রিঃ | ২৩/০৮/২০২৬খ্রিঃ | ২৩/০৮/২০২৬খ্রিঃ |
| ২। | ঠিকাদার/সরবরাহের তালিকাভুক্তি (পণ্য) | ২৩/০৭/২০২৬খ্রিঃ | ২৩/০৮/২০২৬খ্রিঃ | ২৩/০৮/২০২৬খ্রিঃ |

**শর্তাবলীঃ**

১. তালিকাভুক্তির আবেদন ফরম অত্র দপ্তর হতে সংগ্রহ পূর্বক আবেদন ফরমের মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকার ১(এক)টি পে-অর্ডার উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঢাকা বরাবর করতঃ আবেদন ফরমে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ অত্র দপ্তরের উচ্চমান সহকারী নিকট জমা দিতে হবে।

২. ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নতুন তালিকাভুক্তির আবেদন চুড়ান্তভাবে গৃহীত হবে।

৩. ঠিকাদার নতুন তালিকাভুক্তি করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর ঠিকাদারদের ১০.০০ লক্ষ টাকা ব্যাংক সলভেন্সি প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সির ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহনের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহনযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।

৪. ঠিকাদার নতুন তালিকাভুক্তি করার জন্য বৈধ ট্রেড লাইসেন্স প্রদান করতে হবে।

৫. আবেদন সাথে BIN Certificate প্রদান করতে হবে। VAT Certificate গ্রহনযোগ্য হবে না।

৬. আবেদনের সাথে ২০২৫-২৬ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে। যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না।

৭. আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং ৩(তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।

৮. বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

৯. নতুন ঠিকাদার তালিকাভুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তি ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।

২০/০৭/২৬
(মো: আখলাক উল জামিল)
নির্বাহী প্রকৌশলী
মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মুন্সীগঞ্জ।

N Hoq/GPF Forwarding (Accounce) 1

স্মারক নং- নিঃপ্রকৌঃ/মুন্সীগঞ্জ ৭৭ তারিখঃ ২০ /০৭/২০২৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা। সার্কুলারটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, পান্থপথ, ঢাকা (মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

৮। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।

৯। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো।

১০। উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ঢাকা।

১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, মুন্সীগঞ্জ/ভাগ্যকুল/লৌহজং পানি উন্নয়ন উপ-বিভাগ বাপাউবো, মুন্সীগঞ্জ।

১২। উচ্চমান সহকারী, অত্র দপ্তর। তাহাকে তালিকাভুক্তি নতুন তালিকাভুক্তির আবেদন ফরম সরবরাহ ও আবেদনপত্র গ্রহন এবং ঠিকাদার তালিকাভুক্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৩। জনাব.......................................................................................................................................................

১৪। নথি।

20/07/26

নির্বাহী প্রকৌশলী
মুন্সীগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, মুন্সীগঞ্জ।

20/07/26